



হাদি হত্যা মামলার বিচার বিলম্বে প্রশ্ন তুললেন আসিফ নজরুল



আসিফ নজরুল। ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চের সাবেক মুখপাত্র শরিফ ওসমান বিন হাদি হত্যা মামলার বিচারপ্রক্রিয়া শুরু না হওয়া নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন সাবেক আইন উপদেষ্টা আসিফ নজরুল।

রোববার (১৫ মার্চ) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এ নিয়ে সরাসরি প্রশ্ন তোলেন।

স্ট্যাটাসে তিনি উল্লেখ করেন, হাদি ছিলেন সাধারণ মানুষের অত্যন্ত প্রিয় মুখ। অনেকেই তার কাছে এই হত্যাকাণ্ডের দ্রুত বিচার চেয়েছিলেন। সরকারে দায়িত্ব পালনকালে তিনি জানিয়েছিলেন, মামলাটি দ্রুত বিচার ট্রাইব্যুনালে নেওয়া হবে এবং তাদের মেয়াদকালেই নিষ্পত্তি সম্ভব হবে এমন প্রত্যাশাও ছিল। কিন্তু বাস্তবে এখনো বিচারকাজ শুরু করা যায়নি, যা হতাশাজনক বলে মন্তব্য করেন তিনি।

তিনি আরও জানান, চলতি বছরের ৬ জানুয়ারি মামলার তদন্ত কর্মকর্তা ১৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন। তবে মামলার বাদী সেই অভিযোগপত্রে সন্তুষ্ট না হয়ে আদালতে নারাজি আবেদন করেন। এ পরিস্থিতিতে আদালতের পক্ষে সরাসরি অভিযোগ গ্রহণ করে বিচার শুরু করা উপযুক্ত নয়। তাই মামলাটি অধিকতর তদন্তের জন্য পুলিশের সিআইডি'র কাছে পাঠানো হয়েছে। তদন্ত শেষ না হওয়ায় বিচারপ্রক্রিয়াও শুরু হয়নি।

তার বক্তব্য অনুযায়ী, সিআইডি পুনঃতদন্ত শেষে নতুন করে অভিযোগপত্র দিলে এবং তাতে আর কোনো নারাজি না এলে বিচার শুরু হতে পারে। তবে তদন্তে ঘাটতি থাকলে বা বাদী আবারও আপত্তি জানালে প্রক্রিয়া আরও পিছিয়ে যাওয়ার আশঙ্কা থাকবে। যদিও আদালত চাইলে বাদীর আপত্তি খারিজ করেও বিচার শুরু করতে পারে, সেক্ষেত্রে বিতর্ক তৈরি হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না।

সবশেষে তিনি বলেন, তদন্ত ও বিচার প্রক্রিয়া বাইরে থেকে যত সহজ মনে হয়, বাস্তবে ততটা সরল নয়। তবু সংশ্লিষ্ট সবার আন্তরিকতা থাকলে বিলম্ব কমানো এবং সঠিক তদন্তের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত করা সম্ভব।